

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
সরিষাবাড়ী, জামালপুর

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি: জনাব জেলা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
হুন্স: ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখ: ১৫-০২-২০২৩ খ্রিঃ রোজঃ বুধবার, সময়ঃ ১১.০০ ঘটিকা।

সম্মানিত সদস্যগণের সভায় উপস্থিতি হাজিরা পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদিত ও গৃহিত হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

ক্রমঃ	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন সংক্রান্ত আলোচনা	অত্র উপজেলায় মহান একুশে ফেব্রুয়ারিতে সকল ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী অবগত করেন যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জারীকৃত প্রজ্ঞাপন ও স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহিত সিদ্ধান্ত মোতাবেক অত্র উপজেলায় প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যে দিয়ে মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	আলোচ্য বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নির্দেশনা সমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	বাস্তবায়নকারী উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সরিষাবাড়ী, জামালপুর।
০২	শতভাগ ভর্তি নিশ্চিত করণ সংক্রান্ত আলোচনা	উপজেলা শিক্ষা অফিসার সরিষাবাড়ী, জামালপুর মহোদয় সভায় উপস্থাপন করেন যে, আগামী ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বিদ্যালয়ে গমনোপযোগী সকল শিশুর ভর্তি নিশ্চিত করতে হবে এবং সকল প্রধান শিক্ষক ভর্তি নিশ্চিত করে এ সংক্রান্ত প্রতিবেদন উপজেলা শিক্ষা অফিসে দাখিল করবেন। এ সংক্রান্ত নির্দেশনা সকল সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং সকল প্রধান শিক্ষককে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে।	সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে, উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী আলোচনা মোতাবেক সকল বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর শতভাগ ভর্তি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সরিষাবাড়ী, জামালপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব
(জেলা আক্তার)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

তারিখঃ ১৫-০২-২০২৩ খ্রিঃ।

প্রারক নং- উপা/সরিষা/জামাল/২০২৩/ ১৪৯/১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-



- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর।
- ৬। অফিস কপি।

(নাহিদা ইয়াসমীন)
উপজেলা শিক্ষা অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।

ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা
সভাপতি : জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিঃ, রোজঃ বুধবার, সময় : ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রঃ নং	নাম ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
০১	জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সভাপতি	
০২	চেয়ারম্যান, মহাদান ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৩	চেয়ারম্যান, পোগলদিঘা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৪	চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৫	উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য-সচিব	